সমকাল

তারিখ : 02 JAN 2016
পৃষ্ঠা : ২২ কলাম : ২

# নতুন বইয়ের সঙ্গে পোশাক পেল তিলেরচর স্কুলের শিক্ষার্থীরা

■ বাবুগঞ্জ (বরিশাল) প্রতিনিধি

প্রথম শ্রেণীর ছাত্রী কানিজ নতুন বছরের প্রথম দিনে সে স্কুলে এসে পেয়েছে একসেট নতুন বই। সেই সঙ্গে বিনামূল্যে নতুন একসেট স্কুল ড্রেসও। তাই খুশি যেন উপচে পড়ছিল তার চোখেমুখে। শুধু কানিজ একা নয়, তিলেরচর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রথম থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত দুই শতাধিক শিশু শিক্ষার্থীর প্রত্যেককে নতুন পাঠ্যবইয়ের সঙ্গে দেওয়া হয়েছে ওই পোশাক।

শুক্রবার বাবুগঞ্জ উপজেলার প্রত্যন্ত গ্রাম তিলেরচরের ওই বিদ্যালয়ে অনুষ্ঠিত বই উৎসবে বাংলাদেশ মানবাধিকার কমিশনের উপদেষ্টা মো. আনিসুর রহমান খান মোশারফের ব্যক্তিগত উদ্যোগে শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে পোশাক বিতরণ করা হয়। এ সময় উপজেলার সহকারী শিক্ষা কর্মকর্তা রোমান্স আহমেদ, যোগেন্দ্র নাথ মণ্ডল, প্রধান শিক্ষিকা মিনতি রানী দেবনাথ, বিদ্যালয়ের সভাপতি সুলতান আকন, মশিউর রহমান মোল্লা, রাজু চৌধুরী শান্ত প্রমুখ উপস্থিত ছিলেন।

এদিকে উপজেলার আগরপুরের ঐতিহ্যবাহী আলতাফ মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়ে পাঠ্যবই বিতরণ করেন উপজেলা চেয়ারম্যান এসএম খালেদ হোসেন স্বপন। প্রধান শিক্ষক মো. মুজাফফর আলী হাওলাদারের সভাপতিত্বে সমাবেশে বিশেষ অতিথির বক্তব্য রাখেন নারী ভাইস চেয়ারম্যান রিফাত জাহান তাপসী, ছাত্রলীগ নেতা মৃধা আকতারুজ্জামান মিলন, আওয়ামী লীগ নেতা ইউসুফ খান প্রমুখ।